



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড(কাঠগোলা বাজার), ময়মনসিংহ।
ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd



২০২১ সালের জেএসসি পরীক্ষার শিক্ষার্থীদের Online এ ফরম পূরণের বিজ্ঞপ্তি।

স্মারক নং: ময়শিবো/পনি/মাধ্যমিক/১০/০৯/২০/৪৫৬

তারিখ: ০২/১২/২০২১ খ্রিঃ

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ এর আওতাধীন সকল বিদ্যালয় প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০১.১৭-৬২৩, তারিখ- ০৪/১১/২০২১ এর পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, করোনা ভাইরাস সংক্রমণের সার্বিক পরিস্থিতি এবং শ্রেণিকক্ষে শিখন-শেখানো কার্যক্রম বিবেচনায় ২০২১ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার শিক্ষার্থীদের স্ব স্ব শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃক বার্ষিক পরীক্ষা ও অ্যাসাইনমেন্টের ভিত্তিতে মূল্যায়ন করে নবম শ্রেণিতে উত্তীর্ণ করতে হবে। ২০২১ সালের জেএসসি পরীক্ষার্থীদের স্ব স্ব প্রতিষ্ঠানে বার্ষিক পরীক্ষা ও অ্যাসাইনমেন্টের মূল্যায়ন করে প্রস্তুতকৃত ফলাফলের ভিত্তিতে বোর্ড থেকে উত্তীর্ণ সনদ প্রদানের জন্য আগামী ১১/১২/২০২১ থেকে ২০/১২/২০২১ তারিখের মধ্যে অষ্টম শ্রেণির বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ফরমপূরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

শিক্ষার্থীদের জেএসসি পরীক্ষার উত্তীর্ণ-সনদ প্রদানের লক্ষ্যে Online এ ফরম পূরণের নিয়মাবলি নিম্নে উল্লেখ করা হলো।

১। Online এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (probable list) প্রদর্শন : শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.mymensingheducationboard.gov.bd) এ দেওয়া হয়েছে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ১১/১২/২০২১ থেকে ২০/১২/২০২১ তারিখের মধ্যে Online এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ (eFF) সম্পন্ন করতে হবে।

(ক) প্রতিষ্ঠান সমূহকে ময়মনসিংহ বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে ESIF(JSC) এ ক্লিক করে EIIN ও Password দিয়ে প্রবেশ করতে হবে।

Form fill up বাটনে ক্লিক করে Probable Form fill up list এ যেতে হবে।

(খ) Probable list থেকে সঠিক শিক্ষার্থী Select করে Add to Temporary List এ যুক্ত করতে হবে।

(গ) Temporary List ভালভাবে যাচাই/বাছাই করে প্রয়োজন হলে Temporary List থেকে Delete করা যাবে।

(ঘ) Final submit বাটন এ ক্লিক করে অবশ্যই Final submit করতে হবে। অন্যথায় ফরম পূরণ সম্পন্ন হবে না।


(ঙ) Final submit সম্পন্ন না হলে উত্তীর্ণ সনদ দেয়া হবে না।

(চ) Final List Print করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করে প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন। এক (০১)

কপি নিজ প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে এবং আগামী ২৩/১২/২০২১ তারিখের মধ্যে শিক্ষা বোর্ডের পরীক্ষা শাখায় জমা দিতে হবে।

২। ফরম পূরণ করতে কোন 'ফি' প্রয়োজন হবে না।

৩। ফরমপূরণে ব্যর্থ শিক্ষার্থী অষ্টম শ্রেণিতে অনুত্তীর্ণ শিক্ষার্থী হিসেবে বিবেচিত হবে অর্থাৎ নবম শ্রেণিতে ভর্তি ও রেজিস্ট্রেশন করার সুযোগ পাবে না।


(মো: সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ

ফোন : ০৯১-৫৩৩৩৫

ই-মেইল: conbisemym@gmail.com

অনুলিপি প্রেরিত হলো:

সদয় জ্ঞাতার্থে:

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

৩। ময়মনসিংহ শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা।

কার্যার্থে:


১। উপ-পরিচালক (হি: ও নি:), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

২। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

৩। সহকারী প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

৪। ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন জেএসসি পরীক্ষা-সংশ্লিষ্ট সকল মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।

৫। অফিস কপি।


(মোঃ কামাল হোসেন)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(মাধ্যমিক)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

ফোন : ০৯১-৫৩৩৩৫

ই-মেইল: kamalttc@gmail.com